



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড  
প্রশাসন বিভাগ  
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯  
www.desco.gov.bd

নম্বর: ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০২.২৪.২৬৯

১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৫ আগস্ট, ২০২৪ তারিখ বৃহস্পতিবার নির্বাহী পরিচালকগণের উপস্থিতিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে 'ডাইরেক্টর'স সভা' অনুষ্ঠিত হয়। উক্ত সভায় “১৫% বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত” আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ১। এসির তাপমাত্রা ২৪ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখা;
- ২। দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখা, সূর্যের আলো ব্যবহার করা;
- ৩। অপ্রয়োজনীয় বাতি, ফ্যান ও এসি'র ব্যবহার থেকে বিরত থাকা;
- ৪। কক্ষ/অফিস থেকে বের হওয়ার সময় ফ্যান, লাইট ও এসি বন্ধ রাখার বিষয়টি নিশ্চিত করা;
- ৫। বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে স্মার্ট বৈদ্যুতিক সামগ্রী ও প্রযুক্তি ব্যবহার করা এবং
- ৬। ডেসকো'র স্থাপনা ও গ্রাহক স্থাপনায় স্থাপিত সোলার সেল এর প্যানেলগুলো সক্রিয় থাকার বিষয়টি নিশ্চিত করা।

উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০১-০৯-২০২৪  
মোঃ আতিকুর রহমান  
উপ-মহাব্যবস্থাপক

নম্বর: ২৭.২৪.০০০০.০৬৭.১৮.০০২.২৪.২৬৯/১ (৫)

১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ

- ১। নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচ আর/অর্থ ও হিসাব/প্রকৌশল/সংগ্রহ/অপারেশন);
- ২। সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক;
- ৩। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক;
- ৪। সকল নির্বাহী প্রকৌশলী/ ব্যবস্থাপক এবং
- ৫। অফিস কপি।



*ARL*

০১-০৯-২০২৪  
মোঃ আতিকুর রহমান  
উপ-মহাব্যবস্থাপক